ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১

# সূচিপত্র


| | | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| উপক্রমণিকা | | | ০৩ |
| বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | | ০৪ |
| সেকশন-১ | : | রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি | ০৫ |
| সেকশন-২ | : | কোম্পানির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ০৬ |
| সেকশন-৩ | | কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৭-০৯ |
| সংযোজনী-১ | : | শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী-২ | : | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২ |
| সংযোজনী-৩ | : | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৩ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর মধ্যে --২০২০-- সালের ~~জুন~~ জুলাই- মাসের --২৯------ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Barapukuria Coal Mining Co. Ltd.)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

বর্তমান সরকারের সময়ে বিগত ৩ বছরে (জানুয়ারি'১৭ হতে ডিসেম্বর'১৯ পর্যন্ত) ২৬.৪০ লক্ষ মে. টন কয়লা উৎপাদিত হয়েছে। এ সময়ে পিডিবিতে ২৪.২৮ লক্ষ মে. টন এবং স্থানীয় ক্রেতাগণের নিকট ৪.১৩ লক্ষ মে. টন কয়লা বিক্রয় করা হয়েছে। উল্লেখ্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বর্তমানে স্থানীয় ক্রেতাগণের নিকট কয়লা বিক্রয় বন্ধ রয়েছে। এছাড়া বিসিএমসিএল এর বয়লারে ২,৬০৪.০০ মে. টন কয়লা ব্যবহার করা হয়েছে। আলোচ্য সময়ে ভূগর্ভে প্রায় ১২.০৮ কিলোমিটার রোডওয়ে নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। চুক্তির আলোকে ভূগর্ভে ১,৬৭৮ মিটার দৈর্ঘ্যের ডেডিকেটেড এয়ার রিটার্ন রোডওয়ে নির্মাণ করা হয়েছে। কনসোর্টিয়াম কর্তৃক বড়পুকুরিয়া কোল বেসিনের সেন্ট্রাল পার্ট থেকে কয়লা উৎপাদন শেষে এর উত্তর ও দক্ষিণ পার্শ্বে খনি বর্ধিতকরণ সংক্রান্ত একটি মাইন ডিজাইন/প্লান বিসিএমসিএল বরাবর দাখিল করা হয়েছে। চলমান চুক্তির মেয়াদ শেষে উৎপাদন গ্যাপ ব্যতিরেকে কয়লা উৎপাদনের লক্ষ্যে মাইন প্লানটি সম্পর্কে মতামত ও সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি প্রতিবেদন দাখিল করেছে। কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত "টেকনো-ইকোনোমিক ফিজিবিলিটি স্টাডি ফর ওপেনপিট কোল মাইন ইন দ্যা নর্দার্ন এ্যান্ড দ্যা সাউদার্ন পার্ট অব বড়পুকুরিয়া কোল বেসিন, পার্বতীপুর, দিনাজপুর, বাংলাদেশ" শীর্ষক প্রকল্পটির পিএফএস পরবর্তী কার্যক্রমের জন্য পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর নিয়ন্ত্রণাধীন দিঘীপাড়া কয়লা ক্ষেত্রের ফিজিবিলিটি স্টাডির কাজ নির্ধারিত সময়ে শেষ হয়েছে এবং চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। বড়পুকুরিয়া কয়লা খনিতে প্রায় ২,২০০ জন লোকের কর্মসংস্থান হয়েছে এবং পরোক্ষভাবে প্রায় ১০ হাজার লোকের কর্মের সুযোগ সৃষ্টি হয়েছে। এছাড়া কোম্পানির সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সেপ্টেম্বর'১৭ হতে পঙ্গু শ্রমিকদের ৩,০০০/- টাকা, নিহত শ্রমিকের পরিবারের মনোনীত সদস্যকে ৪,০০০/- করে কোম্পানির বাজেটের প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) খাত হতে মাসিক ভোগভাতা/আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে এবং আগস্ট'১৭ হতে কর্মরত শ্রমিকদের সুবিধাভোগী কল্যাণ তহবিল (BPPF) হতে এবং উক্ত তহবিলে ঘাটতি হলে কোম্পানির বাজেটের প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) খাত থেকে মাসিক ভোগভাতা/আর্থিক সহায়তা হিসেবে মাসিক ১৫০০/- টাকা করে প্রদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

বর্তমানে খনির কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখতে ভূমি অধিগ্রহণ, ভূমি অধিগ্রহণ এর ফলে বাস্তুচ্যুত জনগোষ্ঠীর পুনর্বাসন, পরিবেশগত উদ্ভূত পরিস্থিতি, ভূগর্ভস্থ খনির ক্ষেত্রে সারফেস সাবসিডেন্স প্রধান সমস্যা।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

সরকার ঘোষিত রূপকল্প ২০২১ এর আলোকে দেশজ প্রাথমিক জ্বালানি কয়লার অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনে বিসিএমসিএল হতে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। চলমান চুক্তির মেয়াদ শেষে নিরবচ্ছিন্ন কয়লা উৎপাদনের জন্য John T. Boyd Company, USA কর্তৃক সম্পন্ন ফিজিবিলিটি স্টাডি প্রকল্পের প্রতিবেদন ও কনসোর্টিয়াম কর্তৃক খননকৃত ৬টি বোরহোলের তথ্য-উপাত্তসমূহ বিশ্লেষণপূর্বক সেন্ট্রাল পার্ট হতে ২ বছরে ১.৫ মিলিয়ন টন ও নর্দার্ন পার্ট হতে ৪ বছরে ৩.২ মিলিয়ন টন কয়লা উত্তোলনের জন্য কনসোর্টিয়াম একটি মাইন প্লান বিসিএমসিএল-এ দাখিল করে। "টেকনো-ইকোনোমিক ফিজিবিলিটি স্টাডি ফর ওপেন পিট কোল মাইন ইন দ্যা নর্দার্ন এ্যান্ড দ্যা সাউদার্ন পার্ট অব বড়পুকুরিয়া কোল বেসিন পার্বতীপুর, দিনাজপুর, বাংলাদেশ"-শীর্ষক প্রকল্পের পিএফএস প্রস্তুত ও প্রশাসনিক অনুমোদন গ্রহণ ও "দিঘীপাড়া কয়লা খনি" উন্নয়নের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন ও প্রশাসনিক অনুমোদন গ্রহণ।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- কয়লা উৎপাদনের লক্ষ্যে ভূগর্ভে একটি উৎপাদন ফেইস উন্নয়ন;
- ভূগর্ভ হতে ০.৩৫০ মিলিয়ন মেট্রিক টন কয়লা উৎপাদন;
- উৎপাদিত কয়লার ০.৩৪৯ মিলিয়ন মেট্রিক টন বিক্রয়;
- খনির ৬০ জন জনবলকে প্রশিক্ষণ প্রদান;
- টেকনো-ইকোনোমিক ফিজিবিলিটি স্টাডি ফর ওপেন পিট কোল মাইন ইন দা নর্দার্ন এ্যান্ড দা সাউদার্ন পার্ট অব বড়পুকুরিয়া কোল বেসিন,পার্বতীপুর, দিনাজপুর, বাংলাদেশ" শীর্ষক প্রকল্পটির পিএফএস প্রস্তুত ও প্রশাসনিক অনুমোদন গ্রহণ; ও
- দিঘীপাড়া কয়লা খনি উন্নয়নের লক্ষ্যে সম্পন্নকৃত ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন পর্যালোচনা, উদ্যোক্তা চূড়ান্তকরণ, অর্থায়ন চূড়ান্তকরণ ও অংশীজন নির্ধারণের প্রক্রিয়াকরণ।

## সেকশন ১ :

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) :

### ১.১ রূপকল্প:

বাংলাদেশের জ্বালানির চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য কয়লা উৎপাদন।

### ১.২ অভিলক্ষ্য:

দেশের প্রাথমিক জ্বালানি প্রাকৃতিক গ্যাসের বিকল্প হিসাবে কয়লা সম্পদ উন্নয়ন, কয়লা উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ এবং কয়লা উৎপাদনে পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য সচেষ্ট থাকা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

**১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. কয়লার উৎপাদন বৃদ্ধি এবং কয়লার বিপণন নিশ্চিতকরণ;
২. বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উত্তরাংশে উন্মুক্ত পদ্ধতিতে খনি তৈরীকরণ, উত্তর ও দক্ষিণ অংশে ভূগর্ভখনি সম্প্রসারণ এবং নতুন কয়লাক্ষেত্রের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালন।এবং
৩. কয়লা খনি পরিচালনায় মানব সম্পদ উন্নয়ন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি এবং
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি:

১.৪.১. পরিকল্পনা অনুযায়ী কয়লা উৎপাদন নিশ্চিত করা;
১.৪.২. অন্যান্য কয়লা ক্ষেত্র থেকে কয়লা উৎপাদনের জন্য প্রকল্প গ্রহণ;
১.৪.৩. কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শিল্প বান্ধব পরিবেশ বজায় রাখা এবং
১.৪.৪. প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) পালন করা।

# সেকশন-২

## কোম্পানির বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে বিসিএমসিএল-এর দায়িত্বপ্রাপ্ত বিভাগসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| মাথাপিছু অনবায়নযোগ্য জ্বালানি ব্যবহার | মাথাপিছু কয়লা ব্যবহার | সমতুল্য কি.গ্রা. তৈল | ২.৯৪ | ৩.০৮ | ১.৪২ | ৩.০২ | ২.৯৯ | ১) মাইন অপারেশন বিভাগ<br>২) সারফেস অপারেশন বিভাগ<br>৩) প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ<br>৪) প্রশাসন বিভাগ<br>৫) অর্থ ও হিসাব বিভাগ<br>৬) কোম্পানি সচিবালয়<br>৭) মার্কেটিং বিভাগ | ১) মাইন অপারেশন বিভাগ, বিসিএমসিএল<br>২) সারফেস অপারেশন বিভাগ, বিসিএমসিএল<br>৩) প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বিসিএমসিএল<br>৪) মার্কেটিং বিভাগ, বিসিএমসিএল |

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria Value for FY 2020-2021) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২১-২২ | প্রক্ষেপন (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* (মে ২০২০ পর্যন্ত) | অসাধারণ ১০০% | অতিউত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলিত মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] কয়লার উৎপাদন বৃদ্ধি এবং কয়লার বিপণন নিশ্চিতকরণ। | ৪৫ | [১.১] ফেইস উন্নয়নকরণ | [১.১.১] ফেইস উন্নয়ন | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | [১.২] ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়নকরণ | [১.২.১] ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়ন | সমষ্টি | মি. | ৩ | ৫০৫৫.২০ | ৩৩২৬.০০ | ১৮০০ | ১৫০০ | ১২০০ | ১০০০ | ৮০০ | ৪০০০ | ৪০০০ |
| | | [১.৩] কয়লা উৎপাদনকরণ | [১.৩.১] কয়লা উৎপাদন | সমষ্টি | মি.মে.ট. | ২০ | ০.৮০২ | ০.৮০৫ | ০.৩৫০ | ০.৩৪০ | ০.৩৩০ | ০.৩২০ | ০.৩১০ | ০.৭৫ | ০.৭৫ |
| | | [১.৪] কয়লা বিক্রয়করণ | [১.৪.১] কয়লা বিক্রয় | সমষ্টি | মি.মে.ট. | ২০ | ০.৮২৯ | ০.৮০৬৯ | ০.৩৫০ | ০.৩৪০ | ০.৩৩০ | ০.৩২০ | ০.৩১০ | ০.৭৫ | ০.৭৫ |
| [২] বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উত্তরাংশে উন্মুক্ত পদ্ধতিতে খনি তৈরীকরণ, উত্তর ও দক্ষিণ অংশে ভূ-গর্ভ খনি সম্প্রসারণ এবং নতুন কয়লাক্ষেত্রের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালন। | ২০ | [২.১] বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উত্তর ও দক্ষিণ অংশে উন্মুক্ত পদ্ধতিতে খনি উন্নয়নের জন্য সম্ভাব্যতা যাচাইকরণ | [২.১.১] পিএফএস অনুমোদন। | সমষ্টি | সময় (মাস) | ৩ | | | ৬ | ৯ | ১২ | | | | |
| | | | [২.১.২] ফিজিবিলিটি স্টাডি কার্যক্রমের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়া শুরু। | সমষ্টি | সময় (মাস) | ২ | | | ৮ | ১০ | ১২ | | | | |
| | | [২.২] দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের লক্ষ্যে সম্পন্নকৃত ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন পর্যালোচনা, উদ্যোক্তা চূড়ান্তকরণ, অর্থায়ন চূড়ান্তকরণ ও অংশীজন নির্ধারণ। | [২.২.১] দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের লক্ষ্যে সম্পন্নকৃত ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন পর্যালোচনা, উদ্যোক্তা চূড়ান্তকরণ, অর্থায়ন চূড়ান্তকরণ ও অংশীজন নির্ধারণের প্রক্রিয়াকরণ। | সমষ্টি | সময় (মাস) | ৫ | | | ৯ | ১০ | ১২ | | | | |
| | | [২.৩] উত্তর ও দক্ষিণ অংশে ভূ-গর্ভ খনি সম্প্রসারণ | [২.৩.১] উত্তর ও দক্ষিণ অংশে ভূ-গর্ভ খনি সম্প্রসারণের লক্ষ্যে চুক্তি প্রনয়ণের জন্য দরপত্র আহ্বানের কার্যক্রম শুরু। | সমষ্টি | সময় (মাস) | ১০ | | | ৯ | ১০ | ১২ | | | | |
| [৩] কয়লা খনি পরিচালনায় মানব সম্পদ উন্নয়ন। | ১০ | [৩.১] প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন | [৩.১.১] প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা | ১০ | ৮৫ | ৪৫ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৭০ | ৭৫ |

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১- | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল), চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

তারিখ: ২৯/০৭/২০২০

প্রকৌ. মো. কামরুজ্জামান খান
ব্যবস্থাপনা পরিচালক
বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

তারিখ: ২৯/০৭/২০২০

এ বি এম আবদুল ফাত্তাহ
চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)।

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | মি. | মিটার |
| ২ | মি.মে.ট. | মিলিয়ন মেট্রিক টন |
| ৩ | বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| ৪ | LTCC | Longwall Top Coal Caving |
| ৫ | TOR | Terms Of Reference |
| ৬ | EOI | Expression Of Interest |
| ৭ | CPTU | Central Procurement Technical Unit |
| ৮ | Co. | Company |
| ৯ | Ltd. | Limited |
| ১০ | MPM&P | Management, Production, Maintenance & Provisioning |
| ১১ | XMC-CMC | Xuzhou Coal Mining Group Corporation- China National Machinery Import & Export Corporation |
| ১২ | PRL | Post Retirement Leave |
| ১৩ | BPDB | Bangladesh Power Development Board |
| ১৪ | PI | Performance Indicator |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/বিভাগ | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ফেইস উন্নয়নকরণ | ফেইস উন্নয়ন | বড়পুকুরিয়া কয়লা খনির ভূ-গর্ভস্থ কয়লা উৎপাদনের জন্য ফেইস উন্নয়নের সংখ্যা | মাইন অপারেশন বিভাগ, বিসিএমসিএল | বিসিএমসিএল-এর এমআইএস প্রতিবেদন | |
| | ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়নকরণ | ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়ন | বড়পুকুরিয়া কয়লা খনির ভূ-গর্ভস্থ কয়লা উৎপাদনের জন্য ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়নের পরিমাণ | | | |
| | কয়লা উৎপাদনকরণ | কয়লা উৎপাদন | বড়পুকুরিয়া কয়লা খনির ভূ-গর্ভস্থ কয়লা উৎপাদনের পরিমাণ | | | |
| ২ | কয়লা বিক্রয়করণ | কয়লা বিক্রয় | বিপিডিবির নিকট বিক্রয়কৃত কয়লার পরিমাণ | বিক্রয় ও বিপণন বিভাগ, বিসিএমসিএল | | |
| | | | অন্যান্য গ্রাহকের নিকট বিক্রয়কৃত কয়লার পরিমাণ | | | |
| ৩ | বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উত্তর ও দক্ষিণ অংশে উন্মুক্ত পদ্ধতিতে খনি উন্নয়নের জন্য সম্ভাব্যতা যাচাইকরণ | পিএফএস অনুমোদন। | বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উত্তর ও দক্ষিণ অংশে উন্মুক্ত পদ্ধতিতে খনি উন্নয়নের জন্য সম্ভাব্যতা যাচাইকরণ | প্লানিং ও এক্সপ্লোরেশন বিভাগ, বিসিএমসিএল | বিসিএমসিএল-এর এমআইএস প্রতিবেদন | |
| | | ফিজিবিলিটি স্টাডি কার্যক্রমের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়া শুরু | | | | |
| ৪ | দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইকরণ | দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের জন্য ডিপিপি প্রণয়ন | দীঘিপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের জন্য সম্ভাব্যতা যাচাইকরণ | | বিসিএমসিএল-এর এমআইএস প্রতিবেদন | |
| | | দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের জন্য ডিপিপি অনুমোদন | | | | |
| ৫ | প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন | প্রশিক্ষিত জনবলের সংখ্যা | প্রশিক্ষিত জনবল তৈরির জন্য প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন | প্রশাসন বিভাগ, বিসিএমসিএল | বিসিএমসিএল-এর এমআইএস প্রতিবেদন | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | | কর্মসম্পাদন সূচক | | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|---|
| পেট্রোবাংলা<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>সুরক্ষা সেবা বিভাগ<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | [১.১] | ফেইস উন্নয়নকরণ | [১.১.১] | ফেইস উন্নয়ন | প্রশাসনিক অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | কয়লা উৎপাদন বিঘ্নিত হতে পারে। |
| | [১.২] | ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়নকরণ | [১.২.১] | ভূ-গর্ভস্থ রোডওয়ে উন্নয়ন | প্রশাসনিক অনুমোদন | | |
| | [১.৩] | কয়লা উৎপাদনকরণ | [১.৩.১] | কয়লা উৎপাদন | প্রশাসনিক অনুমোদন | | |
| | [১.৪] | কয়লা বিক্রয়করণ | [১.৪.১] | কয়লা বিক্রয় | প্রশাসনিক অনুমোদন | | |
| পেট্রোবাংলা<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>পরিকল্পনা কমিশন | [২.১] | বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উত্তর ও দক্ষিণ অংশে উন্মুক্ত পদ্ধতিতে খনি উন্নয়নের জন্য সম্ভাব্যতা যাচাইকরণ | [২.১.১] | পিএফএস অনুমোদন। | প্রশাসনিক অনুমোদন | | খনি সম্প্রসারণ বাধাগ্রস্থ হবে। |
| | | | [২.১.২] | ফিজিবিলিটি স্টাডি কার্যক্রমের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়া শুরু। | প্রশাসনিক অনুমোদন | | |
| অর্থ বিভাগ<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>পরিবেশ অধিদপ্তর<br>বন ও পরিবেশ মন্ত্রণালয়<br>প্রশাসন | [২.২] | দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইকরণ | [২.২.১] | দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের জন্য ডিপিপি প্রণয়ন | প্রশাসনিক অনুমোদন | | উন্নয়ন প্রকল্প বাধাগ্রস্থ হবে। |
| | | | [২.২.২] | দিঘীপাড়া কয়লাক্ষেত্র উন্নয়নের জন্য ডিপিপি অনুমোদন | প্রশাসনিক অনুমোদন | | |
| পেট্রোবাংলা<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | [৩.১] | মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] | বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি নিয়ম অনুযায়ী | দক্ষ জনবল তৈরী বিঘ্নিত হবে। |
| | | | [৩.১.২] | স্থানীয় প্রশিক্ষণ গ্রহণ | | | |